# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৯০. জানাযার সালাতে কী কী সুন্নাত রয়েছে?

১. জামা'আত সহকারে সালাত আদায়।

২. তিন কাতার হওয়া (অর্থাৎ এর কম না হওয়া)। তবে কাতারগুলো বেজোড় সংখ্যক হতে হবে এ ধরনের কোন কথা হাদীসে পাওয়া যায় না।

৩. ইমাম দাঁড়াবে লাশ পুরুষ হলে মাথা বরাবর ও মহিলা হলে লাশের কোমর বরাবর।

৪. হাদীসে বর্ণিত দুআ করা (অথাৎ তৃতীয় তাকবীরের পর যে দুআগুলো করা হয়)।

৫. সালাত শেষে জানাযা উঠানো পর্যন্ত দাঁড়িয়ে অপেক্ষা করা। উল্লেখ্য, জানাযার সালাতের পর সম্মিলিত কোন মোনাজাত নেই। তবে লাশ দাফনের পর তার পক্ষ থেকে একাকী দুআ করা এবং মাইয়্যেতের জন্য ইস্তিগফার করা সুন্নাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13375

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন